

যে কারণে সবাইকে সাবধান করলেন সাদিয়া আয়মান -পৃষ্ঠ-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২০১ ঃ মেহেরপুর- বৃহস্পতিবার ৩১ জুলাই ২০২৫ ইং ঃ ১৬ শ্রাবণ ১৪৩২ বাংলা ঃ ৫ সফর ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর




## ৩১ জুলাই : 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচিতে পুলিশের বাধা

নিজস্ব প্রতিবেদক

কোটা সংস্কার আন্দোলনকে ঘিরে হত্যা, গণগ্রেপ্তার, হামলা, মামলা ও গুমের প্রতিবাদে ২০২৪ সালের ৩১ জুলাই বুধবার সারা দেশে 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচি পালন করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

এই কর্মসূচির অংশ হিসেবে বুধবার ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেটসহ দেশের বিভিন্ন স্থানে কর্মসূচি পালন করেন শিক্ষক ও শিক্ষার্থীরা। কর্মসূচি পালনকালে বিভিন্ন জায়গায় লাঠিপেটা, সাউন্ড গ্রেনেড ও কাঁদানে গ্যাসের শেল ছুড়ে তাদের ছত্রভঙ্গ করে দেয় পুলিশ। সব মিলিয়ে শতাধিক বিক্ষোভকারীকে আটক করা হয়। সাংবাদিকসহ বিভিন্ন স্থানে আহত হন অন্তত ৯০ জন। আন্দোলনের কেন্দ্রীয় সমন্বয়কদের মুক্তি, শিক্ষার্থী

২-এর পৃষ্ঠা দেখুন

# আমাদের সূর্যোদয়' পত্রিকার নামে মিথ্যা প্রচারণার প্রতিবাদে তীব্র নিন্দা

### স্থানীয় গণমাধ্যমে প্রতিযোগিতা থাকবেই, কিন্তু তা দায়িত্বহীনে না পৌঁছে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের স্থানীয় গণমাধ্যম 'মেহেরপুর প্রতিদিন'-এ গত২৯ জুলাই প্রকাশিত একটি উদ্দেশ্য প্রণোদিত সংবাদকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠেছে সাংবাদিক মহল। গত ২৯ জুলাই 'চাঁদাবাজিতে গ্যাড়াকলে সাংবাদিক রউফ, গণধোলাই শেষে সেনাবাহিনীর হাতে সোপর্দ' শিরোনামে প্রকাশিত সংবাদে ' আমাদের সূর্যোদয়' পত্রিকার নাম জড়ানোয় তীব্র প্রতিবাদ জানচ্ছি আমরা" প্রতিবেদনটিতে দাবি করা হয়, অভিযুক্ত ব্যক্তি আবদুর রউফ নিজেকে 'আমাদের সূর্যোদয়' পত্রিকার স্টাফ রিপোর্টার পরিচয় দিয়ে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে চাঁদা দাবি ও হুমকির অভিযোগে জড়িত ছিলেন। এ প্রসঙ্গে 'মেহেরপুর প্রতিদিন' দাবি করে, "সূর্যোদয় কর্তৃপক্ষের উদাসীনতায় তিনি লাগামছাড়া হয়ে উঠেছেন।" তবে বিষয়টিকে সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও প্রতিহিংসামূলক ভাবে প্রকাশ করেছে ঐ পত্রিকাটি। 'আমাদের সূর্যোদয়'-এর প্রকাশক আবুল কাসেম অনুরাগী জানান, "২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত পত্রিকার সকল প্রতিনিধির কার্ডের মেয়াদ ছিল। এরপর পুরাতন কাঠামো ভেঙে পত্রিকাটি নতুন আঙ্গিকে প্রকাশের সিদ্ধান্ত নেওয়া হয়। ফলে আগের প্রতিনিধিদের দায়িত্বও বাতিল হয়ে যায়।" তিনি আরও বলেন, "বর্তমানে মাহবুবুল হক পোলেন পত্রিকাটির ভারপ্রাপ্ত সম্পাদকের দায়িত্ব পালন করছেন এবং মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ে প্রয়োজনীয় অনুমোদনের প্রক্রিয়া চলমান রয়েছে।" এদিকে সম্পাদকের দায়িত্বপ্রাপ্ত মাহবুবুল হক পোলেন জানান, "এ ধরনের একতরফা সংবাদ প্রকাশের আগে সংবাদপত্রটির নূন্যতম দায়িত্বশীলতা পালন করা উচিত ছিল। একজন অভিযুক্তকে জড়িয়ে আমাদের প্রতিনিধি দাবি করা কিংবা আমাদের পত্রিকাকে জড়িয়ে বিভ্রান্তিকর প্রচার চালানো সাংবাদিকতার নীতি বহির্ভূত।" মাহবুবল হক আরো অভিযোগ করেন, "মেহেরপুর প্রতিদিন পত্রিকাটি বিগত ফ্যাসিস্ট আওয়ামী লীগ রাজনীতির ঘনিষ্ঠ একটি মহলের মালিকানাধীন। পত্রিকাটির সম্পাদক এমএস ইমন আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির প্রচার ও প্রকাশ উপকমিটির সহ-সম্পাদক এবং হিংসা পরায়ন ব্যক্তি। তার পত্রিকার অতীত আচরণ এবং বর্তমান কর্মকাণ্ড পর্যালোচনা করলেই এর উদ্দেশ্য পরিষ্কার বোঝা যায়। এই প্রত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন মেহেরপুর ডেসিটিনির নামে লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ কারিদের একজন। আমি যদি প্রশ্ন করি সম্পাদক সাহেব কত টাকা বেতন পান? উনার আয়ের উৎস কি? কত টাকা আয়কর দেন। প্রয়াত সাংবাদিক সামাদুলের মৃত্যুর পর মেহেরপুর প্রেসক্লাবের পক্ষ থেকে মৃতের পরিবারকে প্রদান করা টাকা কেন সামাদুলের পরিবার পেলনা? সম্পাদক ইয়াদুল মোমিন জবাব দেবেন? সকল প্রমান ও তথ্য আমাদের কাছে আছে। এই পত্রিকার ব্যবস্থাপনা সম্পাদক মাহবুবুব চান্দু মেহেরপুর জেলা জাসদ(ইনু) সাধারন সম্পাদক। জাসদ কি আওয়ামী লীগের সাথে ছিলোনা? জাসদ তো সেই ফ্যাসিস্টটেরই একটি অংশ। মাহবুবুল হক আরও বলেন, "আমাদের পত্রিকার আয়ের উৎস, সম্পাদকীয় নীতিমালা, পাঠক-বিজ্ঞাপনদাতা সম্পর্ক সবকিছুই জনসম্মুখে উন্মুক্ত। আমরা গোপনে কিছু করি না এবং

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে ডেঙ্গুর দাপট, আক্রান্তের সংখ্যা বাড়ছে উদ্বেগজনক হারে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় ডেঙ্গুর প্রকোপ আবারও আশঙ্কাজনক হারে বেড়েছে। মৌসুমি রোগ হিসেবে বিগত কয়েক বছর ধরে এলাকায় ডেঙ্গুর উপস্থিতি থাকলেও এবারে আক্রান্তের সংখ্যা তুলনামূলকভাবে অনেক বেশি হওয়ায় জনমনে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে। গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সূত্রে জানা গেছে, গত দুদিনে শিশু ও বয়স্কসহ অন্তত ৭ জন রোগী ভর্তি হয়েছেন, যাদের সবার এনএস-১ পরীক্ষায় ডেঙ্গু পজিটিভ ধরা পড়ে। তারা জ্বর, মাথাব্যথা ও শরীর ব্যথাসহ ডেঙ্গুর সাধারণ উপসর্গ নিয়ে হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আব্দুল্লাহ-আল-আজিজ বলেন, "আক্রান্তদের প্রাথমিকভাবে পরীক্ষা করে হাসপাতালে ভর্তি করানো হচ্ছে। চিকিৎসা সেবা অব্যাহত রয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে আমরা কাজ করে যাচ্ছি।" হাসপাতালের তথ্যমতে, চলতি জুলাই মাসের শুরু থেকে এখন পর্যন্ত মোট ২৮ জন রোগী ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন। তবে প্রকৃত সংখ্যা

২-এর পৃষ্ঠা দেখুন




## ভোক্তা অধিকারের অভিযানে নিউ বোম্বে বেকারি অ্যান্ড সুইটস'র ৪০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর শহরের নিউ বোম্বে বেকারি অ্যান্ড সুইটস-এ মেয়াদোত্তীর্ণ ও নিম্নমানের খাদ্যপণ্য বিক্রির অভিযোগে ৪০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। বুধবার (৩০

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনী পুলিশের অভিযানে গ্রেফতার পাঁচ

গাংনী প্রতিনিধি

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ৫ জন আসামিকে গ্রেফতার করা হয়েছে। জেলার গাংনী থানা পুলিশের নেতৃত্বে গত ২৪ ঘণ্টায় পরিচালিত এ অভিযানে বিভিন্ন মামলার ওয়ারেন্টভুক্ত ও নিয়মিত মামলার আসামিদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন মেহেরপুরশহরেরর মল্লিক পাড়ায় আব্দুর রউফকে চাঁদাবাজি মামলায় গ্রেফতার করা হয়েছে। টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার মো. রবিনকে নিয়মিত মামলায় গ্রেফতার করা হয়। গাংনী তেতুল বাড়ি গ্রামের পলাশ ইসলাম ওরফে হকছেদ

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে পৌর ও সদর উপজেলা বিএনপির মনোনয়ন বিক্রি

তৌহিদুল ইসলাম তুহিন

আসন্ন মেহেরপুর পৌর ও সদর উপজেলা বিএনপির সম্মেলন ঘিরে নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা দিয়েছে। বুধবার (৩০ জুলাই) সকাল থেকে দুপুর পর্যন্ত জেলা বিএনপির কার্যালয়ে পৌর ও সদর উপজেলা বিএনপির সভাপতি, সাধারণ সম্পাদক ও

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে মাদক মামলায় এক ব্যক্তির ২ বছরের কারাদণ্ড

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী-এর আদালত আজ মঙ্গলবার (৩০ জুলাই ২০২৫) একটি মাদক মামলার রায়ে মোঃ মিলন হোসেন নামে এক ব্যক্তিকে ২ (দুই) বছরের সশ্রম কারাদণ্ড ও ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অর্থদণ্ডে দণ্ডিত করেছেন। অনাদায়ে আরও ১৫ (পনের) দিনের কারাদণ্ডাদেশ প্রদান করা হয়। জানা যায়, ২০২১ সালের গাংনী থানার জি.আর-২৫৫/২১ নম্বর মামলায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন এর ৩৬(১) টেবিলের ৮(ক) ধারায় আনা অভিযোগে আসামির বিরুদ্ধে রায় প্রদান করা হয়।

২-এর পৃষ্ঠা দেখুন



## চামড়াশিল্পের সংকট নিরসনে পৃথক বৈঠকের নির্দেশ - প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

চামড়াশিল্পের সংকট সমাধানে একটি পৃথক বৈঠক আয়োজনের নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেন, দেশের চামড়াশিল্পের বিষয়ে আমরা অপরাধ করেছি। এই খাতের সঠিক মূল্যায়ন করা হয়নি। চামড়াশিল্প দিয়ে অর্থনৈতিকভাবে লাভবান

২-এর পৃষ্ঠা দেখুন




## সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের অনুদান নির্ধারণে প্রশাসনিক সভা

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর সদর উপজেলায় সড়ক দুর্ঘটনায় নিহত ও আহত ব্যক্তিদের সরকারি অনুদান প্রদানের লক্ষ্যে এক প্রশাসনিক যাচাই-বাছাই সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (৩০ জুলাই) সকালে সদর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করে উপজেলা প্রশাসন। সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। এতে আরও উপস্থিত ছিলেন মেহেরপুর সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. ইনজামুল হক, উপজেলা সমাজসেবা কর্মকর্তা আনিসুর রহমান, বিআরটিএ'র ইন্সপেক্টর জিয়াউর রহমান, উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং স্থানীয় জনপ্রতিনিধিরা।

২-এর পৃষ্ঠা দেখুন

## আওয়ামী মিডিয়া ডনদের গ্রেপ্তার করার দাবি রাশেদ প্রধানের

সূর্যোদয় প্রতিবেদন

আওয়ামী ফ্যাসিজমের মিডিয়া ডনদের গ্রেপ্তার করার দাবি জানিয়েছেন জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা) সহ-সভাপতি ও দলীয় মুখপাত্র রাশেদ প্রধান। তিনি বলেন, 'শেখ হাসিনার স্বৈরতন্ত্র এবং ফ্যাসিজমকে জায়েজ করার জন্য এবং বিএনপি-জামায়াতকে জঙ্গি বানানোর জন্য একদল মানুষ মিডিয়া জগতকে নিয়ন্ত্রণ করেছে। মেরুদণ্ডবিহীন সেলিব্রেটিদের আওয়ামী লীগের প্রচারের কাজে ব্যবহার করেছে। সরকারি কাজের নামে মুজিববর্ষসহ আওয়ামী প্রচারণা করে জনগণের ভ্যাট-ট্যাক্সের হাজার কোটি টাকা লুটপাট করেছে, বিদেশে পাচার করেছে।

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর পৌর এলাকায় ওএমএস'র চাল ও আটা বিক্রি শুরু

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর পৌর এলাকায় নতুনভাবে নিয়োগপ্রাপ্ত ডিলারদের মাধ্যমে ওএমএস (ওপেন মার্কেট সেল) কর্মসূচির আওতায় চাল ও আটা বিক্রি শুরু হয়েছে। বুধবার (৩০ জুলাই) সকাল থেকে পৌর এলাকার ৯টি নির্ধারিত পয়েন্টে সরকার নির্ধারিত মূল্যে এ বিক্রয় কার্যক্রম শুরু হয়। সাধারণ ভোক্তাদের জন্য চাল প্রতি কেজি ৩০ টাকা এবং আটা ২৪ টাকা কেজি দরে বিক্রি করা হচ্ছে। জেলা খাদ্য কর্মকর্তা আসমাউল হুসনা এই কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সময় মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## উইম্বলডনে নতুন রাজা ইয়ানিক সিনার

সূর্যোদয় প্রতিবেদন

উইম্বলডনের সবুজ ঘাসে লিখিত হলো নতুন অধ্যায়। ফাইনালে গত দুই আসরের চ্যাম্পিয়ন কার্লোস আলকারাজকে হারিয়ে প্রথমবারের মতো এই মর্যাদাপূর্ণ গ্র্যান্ড স্লামের শিরোপা জিতেছেন ইতালির ইয়ানিক সিনার। ২৩ বছর বয়সী এই তরুণ তারকা রোববার রাতের ঐতিহাসিক জয়ে টেনিসের নতুন যুগের সূচনা করলেন। অল ইংল্যান্ড ক্লাবের কেন্দ্রীয় কোর্টে জমজমাট ফাইনালের শুরুটা হয়েছিল আলকারাজের দাপটেই। প্রথম সেটে ৬-৪ গেমে জয় পেয়ে এগিয়ে যান তিনি। কিন্তু এরপরই বদলে যান সিনার। দারুণ ছন্দে ফিরে পরপর তিনটি সেট জেতেন ৬-৪, ৬-৪ ও ৬-৪ গেমে। ম্যাচ

২-এর পৃষ্ঠা দেখুন




## হেযবুত তওহীদের কর্মী সম্মেলন ও জেলা কমিটির পরিচিতি সভা অনুষ্ঠিত

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা হেযবুত তওহীদের উদ্যোগে অনুষ্ঠিত হয়েছে কর্মী সম্মেলন ও জেলা কমিটির পরিচিতি সভা। বুধবার (৩০ জুলাই) সকাল ১০টায় মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এই আয়োজন অনুষ্ঠিত হয়। জেলা হেযবুত তওহীদের সভাপতি সাহারুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হেযবুত তওহীদের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক নিজাম উদ্দীন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন খুলনা বিভাগীয় সভাপতি তানভীর আহমেদ, কুষ্টিয়া আঞ্চলিক সভাপতি জোসেফ উদ্দীন এবং কেন্দ্রীয় কমিটির শ্রম ও কর্মসংস্থান বিষয়ক সম্পাদক শরিফুল ইসলাম।

২-এর পৃষ্ঠা দেখুন

**অনুবাক্য**
**মামুনুর রশিদ মামুন**
**খবরঃ (মেহেরপুরে ভৈরব নদীতে**
**ভেসে উঠছে তেলজাতীয় পদার্থ)**

আমরা সবাই ভালোই পারি
তেল মারতে অফিসে
এখন নাকি উঠছে তেল
মেহেরপুরের ভৈরবে।
তেলের মতো ভাসতে দেখে
আমরা বেজায় খুশি
তেলের বোতল পড়েছিল কি
আমরা আগে তা খুজি।
সত্যিই যদি উঠতো তেল
তেল মারত না অফিসে
তাবিজ করে রাখতো মানুষ
নিজ গলায় তাঝুলিয়ে ।
হেলা ফেলা যাবে না করা
দেখতে হবে খতিয়ে
সত্যিই যদি হয়ে থাকে
ভাগ্য যাবে বদলিয়ে।



## কুষ্টিয়ায় জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের সংবর্ধনা

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার এডুকেয়ার আইডিয়াল স্কুল এন্ড কলেজে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। বুধবার (৩০ জুলাই) দুপুরে কলেজ মিলনায়তনে

২-এর পৃষ্ঠা দেখুন

## বাগেরহাটে কমবে, গাজীপুরে বাড়বে সংসদীয় আসন

সূর্যোদয় প্রতিবেদন

ভোটার সংখ্যার ভিত্তিতে আসন পুনর্বিন্যাসের উদ্যোগ নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। সেই অনুযায়ী বাগেরহাট জেলায় একটি আসন কমানোর এবং গাজীপুরে একটি আসন বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। বুধবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান নির্বাচন কমিশনার মো. আনোয়ারুল ইসলাম সরকার। তিনি বলেন, "সীমানা নির্ধারণের দায়িত্ব সংবিধানের ১১৯ থেকে ১২৪ ধারা অনুযায়ী নির্বাচন কমিশনের। এই প্রক্রিয়ায়

২-এর পৃষ্ঠা দেখুন



## পরকীয়া ধরা পড়ায় স্ত্রীকে টেনেহিঁচড়ে মারধর, স্বামী পলাতক

মেহেরপুর প্রতিনিধি

স্বামীর পরকীয়ার প্রমাণ হাতে পাওয়ায় স্ত্রীকে ডেকে নিয়ে মারধরের অভিযোগ উঠেছে মেহেরপুর শহরে। মঙ্গলবার (২৯ জুলাই) রাতে শহরের স্টেডিয়ামপাড়া এলাকায় এ ঘটনা ঘটে। গুরুতর আহত অবস্থায় গৃহবধূ আঁখিকে মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল

২-এর পৃষ্ঠা দেখুন



## চাঁদাবাজদের তালিকা প্রকাশ করুন- জয়নুল আবদিন ফারুক

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নির্বাচন নিয়ে অনিশ্চয়তা ও চাঁদাবাজির অভিযোগ তুলে অন্তর্বর্তী সরকারের সমালোচনা করেছেন বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা ও সাবেক বিরোধীদলীয় চিফ হুইপ জয়নুল আবদিন ফারুক। তিনি বলেছেন, "চাঁদাবাজদের ধরেছেন ভালো কথা। কিন্তু ২০০০

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ১৬ শ্রাবণ ১৪৩২ বাংলা ॥ ৩১ জুলাই ২০২৫ইং

# খালেদা জিয়া নির্বাচন করবেন আব্দুল আওয়াল মিন্টু


সূর্যোদয় প্রতিবেদন



বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টু বলেছেন, নির্বাচনে ফেনীর অতীত ইতিহাস সবাই জানে। সুষ্ঠ নির্বাচন হলে ইনশাআল্লাহ এখানে বিএনপি জয়লাভ করবে। আমাদের দলের নেত্রীও (বেগম খালেদা জিয়া) নির্বাচন করবেন। তিনি এখন সুস্থ আছেন। নির্বাচন নিয়ে ফেনীতে কোনো চিন্তা নেই। বুধবার (৩০ জুলাই) দুপুরে ফেনী শহরের গ্র্যান্ড সুলতান কনভেনশন হলে একটি অনুষ্ঠানে অংশ নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। আবদুল আউয়াল মিন্টু বলেন, 'লন্ডনে আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যানের সঙ্গে কথা বলে অন্তর্বর্তীকালীন সরকার যৌথ বিবৃতি দিয়েছিল। আমরা সেটিতে আস্থা রাখতে চাই যে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে নির্বাচন হবে। তবে দেশের বর্তমান অবস্থা বিবেচনায় তার আগেও নির্বাচন হয়ে যেতে পারে। হয়ত জানুয়ারিতেও হয়ে যেতে পারে। কারণ সুপ্রিম কোর্টে কেয়ারটেকার সরকার নিয়ে একটি মামলা চলমান রয়েছে।' তিনি বলেন, 'যদি কেয়ারটেকার সরকার পুনঃপ্রবর্তন হয় তাহলে এ অন্তবর্তীকালীন সরকার কেয়ারটেকার হবেন। কেয়ারটেকার সরকারে ৯০ দিনের মধ্যে নির্বাচন দেওয়ার কথা বলা আছে।' সরকার জনগণের কাছে দায়বদ্ধ না থাকলে ভালো কাজ করবে না উল্লেখ করে আবদুল আউয়াল মিন্টু বলেন, 'বিগত ১৯ বছর আমরা আন্দোলন-সংগ্রাম, অত্যাচার-নির্যাতন সহ্য করে আসছি। কেউ যদি বলে আমরা হঠাৎ করে নির্বাচন চাচ্ছি বিষয়টি সঠিক নয়। বরং ২০০৬ সাল থেকে আমরা নির্বাচন চেয়ে আসছি। একটি দেশের সরকার যদি জনগণের কাছে দায়বদ্ধ না

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## সন্তানের হাতের লেখা ভালো করার কৌশল

সূর্যোদয় প্রতিবেদন

আপনার শিশু সন্তান স্কুলে যাওয়া শুরু করেছে। কিন্তু লিখতে পারে না, সে জন্য বাবা-মায়ের অনেক দুশ্চিন্তা। ছোট হাতের লেখা লিখতে গিয়ে গুলিয়ে ফেলছে। আপনার সন্তান লিখতে গেলেই জড়িয়ে পাকিয়ে যায় লেখা। আর পরীক্ষার সময়ে এমন জগাখিচুড়ি লেখা দেখতেই চান না শিক্ষকরা। তাতে নম্বরও কম আসে। এমনিতেও ছেলেমেয়েদের পড়াশোনায় অমনোযোগিতা নিয়ে বাবা-মায়েদের অভিযোগের শেষ নেই। তার ওপর যদি হাতের লেখাও খারাপ হয়, তাহলে তো কথাই নেই। যদিও সুন্দর হাতের লেখা সবার হয় না। তবে চেষ্টা করতে তো কোনো ক্ষতি নেই। ছোট থেকেই যদি সঠিকভাবে আপনার শিশুসন্তানকে হাতের লেখায় অভ্যাস করা যায়, তাহলে লেখা হবে ঝরঝরে, স্পষ্ট ও পরিচ্ছন্ন। চলুন জেনে নেওয়া যাক, সুন্দর হাতের লেখা শেখানোর কয়েকটি কৌশল। প্রতিদিন নিয়ম করে বাংলা ও ইংরেজি হাতের লেখা অভ্যাস করাতে হবে। অন্তত দুই পাতা করে হলেও লিখতে দিন আপনার শিশুসন্তানকে। ছুটির দিনে আরও বেশি। ভালো হয় যদি পাঠ্যবই থেকেই পাতা ধরে লিখতে দেওয়া হয়। এতে পড়াও হয়ে যায়, আবার লেখার অভ্যাসও তৈরি হয়। এই অভ্যাস থাকলে পরীক্ষার সময়েও দ্রুত লিখতে সুবিধা হবে আপনার সন্তানের। শুরুতেই পেনসিল ও বলপেন ধরাও শিখতে হবে। শিসের ডগা থেকে অন্তত দেড়-দুই ইঞ্চি দূরে পেনসিল কিংবা পেন ধরা জরুরি। এতে লেখা ভালো হবে। আট কিংবা ৯ বছর বয়স পর্যন্ত পেনসিলে লেখা শেখাতে

৩-এর পৃষ্ঠা দেখুন



## চাঁদাবাজির অভিযোগে মবের শিকার সাংবাদিক, সেনাবাহিনীর অভিযানে উদ্ধার

নিজেস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলায় চাঁদাবাজির অভিযোগে স্থানীয়দের হাতে মবের শিকার হয়েছেন এক সাংবাদিক। মঙ্গলবার (২৯ জুলাই) সন্ধ্যায় গাংনীর বাঁশবাড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে। পরে সেনাবাহিনীর একটি টিম অভিযান চালিয়ে তাকে উদ্ধার করে পুলিশের হাতে তুলে দেয়। আহত সাংবাদিকের নাম আব্দুর রউফ (৪৫)। তিনি মেহেরপুর শহরের মল্লিকপাড়ার বাসিন্দা ও জাতীয় দৈনিক রূপকার পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি। স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার বিকেলে আব্দুর রউফ বাঁশবাড়িয়া গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল মাবুদের দোকানে যান। সেখানে তিনি দাবি করেন, মাবুদের দেওয়া ওষুধে এক রোগী গুরুতর অসুস্থ হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। এ বিষয়ে প্রশাসনের অভিযান চালানো হতে পারে বলে ভয়ভীতি দেখিয়ে তিনি চিকিৎসকের কাছে ৩০ হাজার টাকা দাবি করেন বলে অভিযোগ

৩-এর পৃষ্ঠা দেখুন

## গ্রহণযোগ্য খসড়া সনদ রাজনৈতিক দলগুলোর হাতে তুলে দেবে ঐকমত্য কমিশন

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি অধ্যাপক ড. আলী রীয়াজ জানিয়েছেন, রাষ্ট্র সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সুদীর্ঘ আলোচনার ভিত্তিতে যেসব বিষয়ে স্পষ্ট ঐকমত্য তৈরি হয়েছে, তার একটি সুসংহত তালিকা আজ (বুধবার) বিকেলের মধ্যেই সংশ্লিষ্ট দলগুলোর কাছে হস্তান্তর করা হবে। পাশাপাশি আগামীকাল (বৃহস্পতিবার) সব দলের কাছে একটি সমন্বিত ও গ্রহণযোগ্য খসড়া সনদ পেশ করার পরিকল্পনা রয়েছে কমিশনের। রাজধানীর ফরেন সার্ভিস একাডেমির দোয়েল হলে বুধবার অনুষ্ঠিত দ্বিতীয় পর্যায়ের ২২তম দিনের আলোচনা সভার সূচনাপর্বে ড. আলী রীয়াজ এ কথা বলেন। তিনি বলেন, "আজকের আলোচনা দ্রুতগতিতে এগিয়ে নিতে হবে, যেন আমরা সবার কাছে গ্রহণযোগ্য একটি ঐকমত্য চূড়ান্ত করে আগামীকাল সনদ আকারে দিতে পারি।" তিনি আরও জানান, ইতোমধ্যেই রাষ্ট্র সংস্কার-সংক্রান্ত একাধিক বিষয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে মতৈক্য প্রতিষ্ঠিত হয়েছে। কমিশন সূত্রে জানা গেছে, আজকের আলোচ্যসূচিতে রয়েছেঃসংসদে নারী প্রতিনিধিত্ব, সরকারি কর্ম কমিশন, দুর্নীতি দমন কমিশন, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যক্রম, ন্যায়পাল নিয়োগ, রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্ব (সংবিধানের অনুচ্ছেদ ৪৮(৩)), রাষ্ট্রপতি নির্বাচন পদ্ধতি, ইলেক্টোরাল কলেজ গঠন, উচ্চকক্ষের সদস্য নির্বাচনের পদ্ধতি, নাগরিক অধিকার সম্প্রসারণ সংক্রান্ত প্রস্তাব এবং রাষ্ট্র পরিচালনার মূলনীতি। ড. আলী রীয়াজ জানান, রাষ্ট্রপতির ক্ষমতা ও দায়িত্ব সংক্রান্ত আলোচনা আজ প্রথমবারের মতো উপস্থাপন করা হয়েছে। ফলে এ বিষয়ে আজ কোনো সিদ্ধান্ত নয়, তবে অন্যান্য অমীমাংসিত বিষয়ের ব্যাপারে সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে সিদ্ধান্তে পৌঁছানোর আহ্বান জানান তিনি। নারী প্রতিনিধিত্ব বিষয়ে আগের দিন আলোচনা শুরু হলেও তা এখনো চূড়ান্ত হয়নি বলে উল্লেখ করেন ড. রীয়াজ। নাগরিকদের মৌলিক অধিকার সংক্রান্ত যে পাঁচটি প্রস্তাব কমিশন থেকে দেওয়া হয়েছিল, তা নিয়ে দলগুলোর মধ্যে পূর্ণ ঐকমত্য হয়নি বলেও জানান তিনি। তবে বিএনপি এ বিষয়ে লিখিত প্রতিক্রিয়া জানানোয় কমিশনের কাজ অনেকটাই সহজ হয়েছে বলে জানান সহ-সভাপতি। তিনি বলেন, "অনুচ্ছেদ ধরে ধরে বিস্তারিত আলোচনা করার সময় ও সুযোগ নেই। তবে সংশোধনী ও সংযোজনীগুলো আপনাদের সরবরাহ করা হয়েছে। সেগুলো পড়ে কারও কোনো আপত্তি থাকলে তা বৃহস্পতিবার সকাল পর্যন্ত জানাতে অনুরোধ করছি।" বুধবারের আলোচনায় অংশ নেয়

৩-এর পৃষ্ঠা দেখুন



## আইনি ভিত্তি না দিলে সংস্কার সনদে সই নয়: জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় ঐকমত্য কমিশনের প্রস্তাবিত সংস্কার সনদে আইনগত ভিত্তি না থাকলে তাতে সই করবে না বলে সাফ জানিয়ে দিয়েছে জামায়াতে ইসলামী। দলের নায়েবে আমির ডা. সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, 'জনগণের কাছে যার কোনো বাস্তব মূল্য নেই, এমন প্রস্তাবে সই করে লাভ কী?' বুধবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জাতীয় ঐকমত্য কমিশনের ২২তম দিনের সংলাপে অংশ নিয়ে তিনি এ মন্তব্য করেন। ডা. তাহের বলেন, 'দীর্ঘ আলোচনা

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাশিয়ায় ৮.৮ মাত্রার ভূমিকম্পর পর সুনামির আঘাত

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার দূরপ্রাচ্যের কামচাটকা উপদ্বীপে ৮.৮ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর উপকূলীয় অঞ্চলে সুনামির আঘাত হেনেছে। এতে কিছু ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে এবং উপকূলবর্তী এলাকা থেকে শত শত মানুষকে সরিয়ে নেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় কর্মকর্তারা। মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা (টঝএঝ) জানায়, ভূমিকম্পটির উৎপত্তি ভূপৃষ্ঠ থেকে ১৯ কিলোমিটার গভীরে, পেট্রোপাভলোভস্ক-কামচাটস্কি শহর থেকে প্রায় ১২৫ কিলোমিটার দূরে। ভূমিকম্পের পর কামচাটকার কিছু এলাকায় ৩

৩-এর পৃষ্ঠা দেখুন

## যুক্তরাজ্যের স্বীকৃতির সিদ্ধান্তে ফিলিস্তিনের আশাবাদী প্রতিক্রিয়া

সূর্যোদয় প্রতিবেদন

গাজায় ইসরাইলের সামরিক অভিযানে হাজারো ফিলিস্তিনির প্রাণহানি এবং ব্যাপক মানবিক বিপর্যয়ের প্রেক্ষাপটে আন্তর্জাতিক সমাজে ফিলিস্তিন রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়ার দাবি জোরদার হয়েছে। এই প্রেক্ষাপটে যুক্তরাজ্য ঘোষণা দিয়েছে, যদি ইসরাইল কার্যকর শান্তি উদ্যোগ না নেয়, তবে তারা সেপ্টেম্বরেই ফিলিস্তিনকে একটি স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেবে। এই সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছে ফিলিস্তিনি কর্তৃপক্ষ, আন্তর্জাতিক সম্প্রদায় এবং মানবাধিকার সংগঠনসমূহ। ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার সম্প্রতি এক ঘোষণায় জানান, "ইসরাইল যদি গাজায় ভয়াবহ যুদ্ধ বন্ধে পদক্ষেপ না নেয়, যুদ্ধবিরতিতে সম্মত না হয় এবং দীর্ঘমেয়াদি টেকসই শান্তির উদ্যোগ না নেয়, তবে সেপ্টেম্বরে জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে যুক্তরাজ্য ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেবে।"এই ঘোষণার পরপরই ফিলিস্তিনি কর্তৃপক্ষ একটি বিবৃতি প্রকাশ করে সিদ্ধান্তটিকে স্বাগত জানায়। ফিলিস্তিনের ভাইস-প্রেসিডেন্ট হুসেইন আল-শেইখ সামাজিক যোগাযোগমাধ্যমে বলেন, "যুক্তরাজ্যের এই

৩-এর পৃষ্ঠা দেখুন



## জাপানে ইতিহাসের সর্বোচ্চ তাপমাত্রা, হিটস্টোকে আক্রান্ত হাজারো মানুষ

সূর্যোদয় প্রতিবেদন

জলবায়ু পরিবর্তনের প্রভাবে বৈশ্বিক তাপমাত্রা যেভাবে বাড়ছে, তার প্রকট প্রভাব পড়ছে সূর্যোদয়ের দেশ জাপানেও। দেশটি এবার নিজেদের ইতিহাসের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করেছে বলে জানিয়েছে কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল-জাজিরা। প্রতিবেদনে বলা হয়,

৩-এর পৃষ্ঠা দেখুন

## লাস ভেগাসে অনুষ্ঠিত হবে ২০২৬ বিশ্বকাপের ড্র

সূর্যোদয় প্রতিবেদন

২০২৬ সালের ফুটবল বিশ্বকাপের গ্রুপ পর্বের ড্র অনুষ্ঠিত হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের জাঁকজমকপূর্ণ শহর লাস ভেগাসে। মঙ্গলবার একাধিক আন্তর্জাতিক গণমাধ্যম, যেমন ইএসপিএন ও মেক্সিকোর টিভি নেটওয়ার্ক টিউডিএনড়এ তথ্য নিশ্চিত করেছে। বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফার ঘোষণায় জানা গেছে, আগামী বছরের ৫ ডিসেম্বর এই ড্র অনুষ্ঠিত হবে। এই আয়োজনে নির্ধারিত হবে ফুটবল ইতিহাসের সবচেয়ে বড় বিশ্বকাপের গ্রুপ বিন্যাস। এবার বিশ্বকাপে অংশ নিচ্ছে রেকর্ড ৪৮টি দল, যাদের ভাগ করা হবে

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতের 'প্রলয়' ক্ষেপণাস্ত্রের সফল পরীক্ষা

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের প্রতিরক্ষা সক্ষমতায় নতুন সংযোজন হিসেবে সফলভাবে পরীক্ষা চালানো হয়েছে স্বল্প-পাল্লার ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র 'প্রলয়'-এর। সোমবার ও মঙ্গলবার দুই দফায় ওড়িশা উপকূলে বঙ্গোপসাগরে অবস্থিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রতিবাদ

গত ২৯/০৭/২০১৫ ইং তারিখে দৈনিক কালবেলা পত্রিকার অনলাইন ভার্সনে প্রকাশিত পারিবারিক জজ আদালত, সদর, মেহেরপুর এর পারিবারিক জারি ১৩/২০২২ নং মামলা সম্পর্কে একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে যা আমার দৃষ্টিগোচর হয়। উক্ত প্রতিবেদনে দৈনিক কালবেলা মেহেরপুর প্রতিনিধির সাথে আমি জারী মামলা সম্পর্কে কথা বলেছি-এটা সম্পূর্ণ ভূয়া, বানোয়াট এবং উদ্দেশ্য প্রনোদিতভাবে দৈনিক কালবেলা পত্রিকার অনলাইন ভার্সনে প্রকাশ করা হয়েছে। প্রকৃতপক্ষে, উক্ত মামলা সংক্রান্তে দৈনিক কালবেলা পত্রিকার মেহেরপুর প্রতিনিধির সাথে আমার কোন কথা হয় নাই। বরং উক্ত প্রতিবেদন অনলাইন ভার্সনে প্রকাশিত হলে আমি দৈনিক কালবেলা প্রত্রিকার মেহেরপুরের স্থানীয় প্রতিনিধিকে ফোন করে তাকে কখন আমি সাক্ষাৎকার দিয়েছি এই বিষয়ে জিজ্ঞাসা করি এবং উক্ত প্রতিবেদনের প্রতিবাদ জানাই। প্রকৃতপক্ষে, উক্ত সাংবাদিকের সাথে উক্ত পারিবারিক জারি ১৩/২০২২ নং মামলা সম্পর্কে আমার কোন কথা হয় নাই।

মেহেদী হাসান মোবারক মুনিম
সিনিয়র সহকারী জজ পারিবারিক আদালত
মেহেরপুর সদর, মেহেরপুর।

প্রযুক্তি

## বাংলাদেশি বিজ্ঞানীর আবিষ্কারের পথে প্লাস্টিকের বিকল্প

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশি দুই বিজ্ঞানীর গবেষণায় তৈরি হলো পরিবেশবান্ধব এক নতুন উপাদান, যা প্রচলিত প্লাস্টিকের টেকসই বিকল্প হতে পারে। যুক্তরাষ্ট্রের হিউস্টন বিশ্ববিদ্যালয়ে পরিচালিত এই গবেষণায় পচনশীল ব্যাকটেরিয়াল সেলুলোজ থেকে একটি শক্তিশালী ও বহুমুখী উপাদান তৈরি করা হয়েছে, যা পানির বোতল, প্যাকেজিং, ব্যান্ডেজসহ বিভিন্ন শিল্পে ব্যবহৃত হতে পারে। গত ৮ জুলাই হিউস্টন বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত এক প্রতিবেদনে এই তথ্য জানানো হয়। গবেষণা নিবন্ধটি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন নেচার কমিউনিকেশনস জার্নালে প্রকাশিত হয়েছে। গবেষণা প্রকল্পটির নেতৃত্ব দেন হিউস্টন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ও অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. মাকসুদ রহমান। এর মূল উদ্ভাবক হলেন রাইস বিশ্ববিদ্যালয়ের পিএইচডি শিক্ষার্থী ও বাংলাদেশি গবেষক এম এ এস আর সাদী। তাঁরা দুজনই বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে স্নাতক সম্পন্ন করেছেন। গবেষণায় আরও অংশ নেন রাইস বিশ্ববিদ্যালয়ের বায়োসায়েন্স বিভাগের পোস্টডক্টরাল ফেলো শ্যাম ভক্ত এবং সহ-গবেষক

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

শর্মা ফুড প্লাজা
বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।
মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩
অ্যাপিটাজার, স্যান্ডউইস , বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স , মিট বক্স এড, পান্তা, সালাদ , ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,


ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা , কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।
এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ৩১ জুলাই ২০২৫ ইং

## তেল কি আশীর্বাদ হয়ে উঠবে মেহেরপুরে?

মেহেরপুরের ভৈরব নদীতে হঠাৎ করে তেলজাতীয় পদার্থ ভেসে ওঠার ঘটনা শুধু কৌতূহলের নয়, বরং সম্ভাবনার নতুন দুয়ার উন্মোচনের ইঙ্গিতও বয়ে এনেছে। স্থানীয়দের ভাষ্যমতে, নদীর পানিতে ভেসে ওঠা কালচে তরলটি গন্ধে ও গঠনে ডিজেলের মতো, যা খনিজ তেলের উপস্থিতির ধারণা জাগায়। বিষয়টি নিশ্চিত না হলেও সম্ভাবনার ঝলক দেখিয়েছে, যা জাতীয় পর্যায়ে গুরুত্ব দিয়ে খতিয়ে দেখা প্রয়োজন। বাংলাদেশ খনিজ ও জ্বালানি সম্পদে তুলনামূলকভাবে সীমিত একটি দেশ। এ প্রেক্ষাপটে নতুন কোনো উৎসের সন্ধান পাওয়া গেলে তা জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার পথে বড় অগ্রগতি হতে পারে। মেহেরপুরের ভৌগোলিক অবস্থান এবং খনিজ জরিপের আগের মানচিত্র বিশ্লেষণ করে যদি সত্যিই ভূগর্ভস্থ খনিজ তেলের অস্তিত্ব পাওয়া যায়, তবে তা হবে দেশের জ্বালানি খাতে যুগান্তকারী আবিষ্কার। তবে আশাবাদের পাশাপাশি বাস্তবতা ও সতর্কতাও জরুরি। এটি হয়তো নদী খননের সময় ব্যবহৃত যন্ত্রপাতির (যেমন স্কেভেটার) তেল নিঃসরণ হয়ে থাকতে পারে, অথবা কোনো শিল্পপ্রতিষ্ঠানের বর্জ্য হতে পারে। তাই অনুমান নির্ভর সিদ্ধান্ত না নিয়ে, বৈজ্ঞানিক প্রক্রিয়ায় পরীক্ষা ও বিশ্লেষণের মাধ্যমে প্রকৃত উৎস চিহ্নিত করা জরুরি। নমুনা সংগ্রহ ও ল্যাবরেটরি বিশ্লেষণ এক্ষেত্রে প্রথম ধাপ। এরপর প্রয়োজন হবে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর ও জ্বালানি মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে পূর্ণাঙ্গ ভূতাত্ত্বিক জরিপ। এছাড়া পরিবেশগত দিকটিও উপেক্ষা করা চলবে না। যদি এটি শিল্পবর্জ্য বা জৈব দূষণ হয়, তবে তা কৃষি, নদীর জীববৈচিত্র্য এবং জনস্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত সতর্কতা অবলম্বন করে তদন্ত চালানো এবং স্থানীয় জনগণকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া। মেহেরপুরে ভেসে ওঠা তেলজাতীয় পদার্থ এখনো নিশ্চিতভাবে কোনো সম্পদ না হলেও, এর সম্ভাবনা অস্বীকার করা যায় না। একে যদি গুরুত্বসহকারে বিশ্লেষণ করা হয় এবং প্রকৃত উৎস নির্ধারণে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়, তাহলে হয়তো মেহেরপুর একদিন বাংলাদেশের খনিজ মানচিত্রে গৌরবময় অবস্থান অর্জন করতে পারবে।

## গাংনীতে ডেঙ্গুর দাপট, আক্রান্তের

আরও বেশি হতে পারে বলে মনে করছেন স্বাস্থ্যকর্মীরা, কারণ অনেকেই বাড়িতে কিংবা বেসরকারি ক্লিনিকে চিকিৎসা নিচ্ছেন। বিশেষজ্ঞরা মনে করছেন, জলাবদ্ধতা, অপরিচ্ছন্ন পরিবেশ এবং দীর্ঘদিন ধরে জমে থাকা পানিই ডেঙ্গুর প্রধান কারণ। গাংনীর বিভিন্ন ওয়ার্ডে ড্রেনেজ ব্যবস্থার দুরবস্থার কারণে বৃষ্টির পানি জমে থাকছে, যা এডিস মশার প্রজননের উপযুক্ত পরিবেশ তৈরি করছে। এদিকে, এখনো পর্যন্ত গাংনী পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে কোনো কার্যকর মশক নিধন কর্মসূচি কিংবা জনসচেতনতামূলক প্রচারণা দেখা যায়নি বলে অভিযোগ করেছেন স্থানীয়রা। সচেতন মহল আশঙ্কা প্রকাশ করে বলছে, দ্রুত সময়ের মধ্যে ওয়ার্ডভিত্তিক মশা নিধন কার্যক্রম শুরু না হলে পরিস্থিতি আরও ভয়াবহ রূপ নিতে পারে। স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জনগণকে জমে থাকা পানি সরিয়ে ফেলতে, ফুলের টব, ফ্রিজের ট্রে, পরিত্যক্ত টায়ার ও ক্যান নিয়মিত পরিষ্কার রাখতে বলা হয়েছে। এছাড়া জ্বর হলে দেরি না করে চিকিৎসকের পরামর্শ নেওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

## আমাদের সূর্যোদয়' পত্রিকার নামে

স্থানীয় গণমাধ্যমে প্রতিযোগিতা থাকবেই, কিন্তু তা দায়িত্বহীন না পৌঁছে কারো ব্যক্তিগত স্বার্থ রক্ষার জন্য সংবাদ প্রকাশ করি না। যে কেউ যে কোন সময় আমাদের অফিসে এসে তথ্য গ্রহণ করতে পারেন। ভবিষ্যতে কেউ যদি আমাদের নাম জড়িয়ে মিথ্যা তথ্য ছড়ায়, আমরা আইনানুগ ব্যবস্থা নিতে বাধ্য হব।" এ বিষয়ে জেলা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, "মিথ্যা পরিচয়ে সংবাদকর্মী সেজে কেউ যদি অবৈধ কাজ করে, তা গণমাধ্যম নয়, প্রশাসনিকভাবে বিচারের বিষয়। কিন্তু তার দায়ভার একটি বৈধ পত্রিকার ঘাড়ে চাপানো অনৈতিক। স্থানীয় গণমাধ্যমের মধ্যে প্রতিযোগিতা থাকতেই পারে, কিন্তু সেটি যেন দায়িত্বহীন ও চরিত্র হননের পর্যায়ে না পৌঁছে।"

## ভোক্তা অধিকারের অভিযানে নিউ

জুলাই) দুপুরে এই অভিযান পরিচালনা করেন অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান। অধিদপ্তরের পক্ষ থেকে জানানো হয়, বাংলাদেশ সেনাবাহিনীর মেহেরপুর ক্যাম্প থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শহরের যাদুবপুর রোডস্থ বেকারিটিতে এই অভিযান পরিচালিত হয়। অভিযানে দেখা যায়, প্রতিষ্ঠানটি দীর্ঘদিন ধরে বাজারে কিছু খাদ্যপণ্য সরবরাহ করছে, যেগুলোর মান নিয়ন্ত্রণের ঘাটতি রয়েছে এবং অনেক পণ্যের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে। এছাড়া অনেক খাদ্যদ্রব্যে উৎপাদন ও মেয়াদোত্তীর্ণের তারিখ স্পষ্টভাবে উল্লেখ ছিল না। এসব অপরাধে প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী আবুল কালাম আজাদকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৭, ৪৩ ও ৫১ ধারায় ৪০ হাজার টাকা জরিমানা করা হয়। অধিদপ্তরের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান বলেন, "বাজারে মানহীন ও মেয়াদোত্তীর্ণ খাদ্যপণ্য বিক্রির অভিযোগের ভিত্তিতে আমরা এই অভিযান পরিচালনা করি। প্রতিষ্ঠানটি অপরাধ স্বীকার করেছে এবং একটি নির্দিষ্ট সময় চেয়েছে সমস্যাগুলো সমাধানের জন্য। ভবিষ্যতে যেন এমন অনিয়ম না ঘটে, সে বিষয়ে সতর্ক করা হয়েছে।" তিনি আরও জানান, নিরাপদ খাদ্য নিশ্চিত করতে নিয়মিতভাবে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। জনগণের স্বাস্থ্যের সঙ্গে কোনো ধরনের আপস করা হবে না। অভিযানের সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম, নিরাপদ খাদ্য অধিদপ্তরের প্রতিনিধি, বাজার ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং স্থানীয় সাংবাদিকবৃন্দ।

## মেহেরপুরে পৌর ও সদর উপজেলা

সাংগঠনিক সম্পাদক পদে মনোনয়নপত্র সংগ্রহ করেন প্রার্থীরা। দলীয় সূত্রে জানা গেছে, মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ আগামী বৃহস্পতিবার (৩১ জুলাই)। সম্মেলন অনুষ্ঠিত হবে ৯ আগস্ট। পৌর বিএনপি'র সভাপতি পদে মনোনয়ন নিয়েছেন, কাজী মিজান মেনন ও আব্দুল লতিফ। সাধারণ সম্পাদক পদের জন্য মনোনয়ন নিয়েছেন আনিসুর রহমান, অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, আজমল হোসেন মিন্টু, বক্তিয়ার হোসেন ও আব্দুর রহিম। সাংগঠনিক সম্পাদক পদে মনোনয়ন নিয়েছেন মীর জাহাঙ্গীর হোসেন ও আবু ইউসুফ মিরন। সদর উপজেলা বিএনপি'র সভাপতি পদে মনোনয়ন নিয়েছেন বাকা বিল্লাহ, লিয়াকত আলী ও ফয়েজ মোহাম্মদ। সাধারণ সম্পাদক পদের মনোনয়ন নিয়েছেন সাইদুল ইসলাম ও ওমর ফারুক লিটন। সাংগঠনিক সম্পাদক পদের জন্য মনোনয়ন নিয়েছেন এ এম এম ফিরোজ, আব্দুল হামিদ খান ও সোহরাব উদ্দিন। সম্মেলনকে ঘিরে স্থানীয় বিএনপির নেতাকর্মীদের মধ্যে ব্যাপক আগ্রহ লক্ষ্য করা গেছে। অনেকেই মনে করছেন, এই সম্মেলনের মধ্য দিয়ে সাংগঠনিক কার্যক্রমে নতুন গতি আসবে এবং দলীয় নেতৃত্বে নতুন মুখ দেখার সুযোগ তৈরি হবে।

## গাংনী পুলিশের অভিযানে গ্রেফতার

মেম্বারকে নিয়মিত মামলায় গ্রেফতার করা হয়।এছাড়া গাংনী লক্ষীনারায়ন-পুর বিলধলা গ্রামের ইনতাজ আলী ও গাংনী তেরাইলের মিলন গ্রেফতারি পরোয়ানামূলক আসামী ছিলো। গাংনী থানার ওসি জানান গ্রেফতারকৃতদেরকে আইনানুগ প্রক্রিয়ায় বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়, মেহেরপুরে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অপরাধ দমন করতে এ ধরনের বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

## হেযবুত তওহীদের কর্মী সম্মেলন ও

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা সাধারণ সম্পাদক জাহিদ মাহমুদ, খুলনা বিভাগীয় নারী সম্পাদক জেরিন সাইয়ারা ও মেহেরপুর জেলা নারী সম্পাদক তানজিমা খাতুন রুমা প্রমুখ। সকাল থেকেই জেলার বিভিন্ন প্রান্ত থেকে আগত শত শত নেতা-কর্মীর উপস্থিতিতে অনুষ্ঠানস্থল উৎসবমুখর হয়ে ওঠে। প্রধান অতিথির বক্তব্যে নিজাম উদ্দীন বলেন, "মানব রচিত তন্ত্র-মন্ত্র প্রয়োগ করে সমাজে শান্তি প্রতিষ্ঠার চেষ্টা বারবার ব্যর্থ হয়েছে। অন্যায়, অশান্তি ও নৈরাজ্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। একমাত্র আল্লাহর দেওয়া বিধানই মানব জীবনে প্রকৃত শান্তি আনতে পারে।" তিনি আরও বলেন, "এই বিধান প্রতিষ্ঠার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ হয়ে মাঠে-ময়দানে কাজ করতে হবে এবং সমাজে আল্লাহর বিধান বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখতে হবে।" অনুষ্ঠান শেষে নবগঠিত মেহেরপুর জেলা হেযবুত তওহীদের ২২ সদস্যবিশিষ্ট কমিটির ঘোষণা দেওয়া হয়। সাহারুল ইসলাম সভাপতি ও জাহিদ মাহমুদ সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পান।

## প্রধান উপদেষ্টা

হওয়ার কথা ছিল, কিন্তু সেটা হয়নি। বুধবার (৩০ জুলাই) স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের প্রস্তুতিবিষয়ক উচ্চ পর্যায়ের পর্যালোচনা সভায় এ নির্দেশ দেন তিনি। তেজগাঁওয়ে প্রধান উপদেষ্টার কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় আগামী দুই মাসের মধ্যে এলডিসি থেকে উত্তরণের জন্য করণীয় সম্পর্কে পরবর্তী বৈঠক আয়োজনের নির্দেশ দেন তিনি। প্রসঙ্গত, আগামী ২০২৬ সালের ২৪ নভেম্বর স্বল্পোন্নত বা এলডিসির তালিকা থেকে বের হবে বাংলাদেশ। পাবে উন্নয়শীল দেশের মর্যাদা। এ লক্ষ্য সামনে রেখে প্রস্তুতি শুরু করেছে সরকার। সভায় ১৬টি সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। এর মধ্যে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চারটি, শিল্প মন্ত্রণালয় তিনটি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ দুটি, বাণিজ্য মন্ত্রণালয় তিনটি ও প্রধান উপদেষ্টার কার্যালয় চারটি সিদ্ধান্ত বাস্তবায়নে কাজ করছে। এনবিআর চেয়ারম্যান মো. আব্দুর রহমান খান জানান, এনবিআর ন্যাশনাল সিঙ্গেল উইন্ডোর পূর্ণ বাস্তবায়নের জন্য কাজ করছে। ইতোমধ্যে ১৯টি সংস্থা যুক্ত হয়েছে। আরও সংস্থাকে যুক্ত করা হচ্ছে। এর পাশাপাশি, ট্যারিফ পলিসি ২০২৩ এর বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রধান উপদেষ্টাকে অবহিত করেন তিনি। সভায় তৈরি পোশাক শিল্পের মতো অন্যান্য রপ্তানি খাতে প্রয়োজনীয় সহযোগিতা ও প্রণোদনা প্রদান এবং ম্যান মেইড ফাইবার সম্পর্কিত কাঁচামাল ও এ শিল্পের মেশিনারিজ আমদানিতে শুল্কমুক্ত সুবিধা প্রদানের বিষয়েও আলোচনা হয়। সাভারের টানারি পল্লীতে স্থাপিত ইফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (ইটিপি) ও মুন্সিগঞ্জের গজারিয়ায় বাস্তবায়নাধীন এপিআই পার্ক পূর্ণমাত্রায় চালু করা এবং ২০২২ সালে প্রণীত শিল্প নীতি হালনাগাদ করতে কী কী ব্যবস্থা নেওয়া হয়েছে - এ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রধান উপদেষ্টা বলেন, 'আমাদের নিজেদের স্বার্থে, নিজেদের অর্থনীতির স্বার্থে এই কাজগুলো করে যেতে হবে। যেসব নীতিমালা-আইন কোনো কাজে আসছে না সেগুলো পরিবর্তন করে সামনের দিকে অগ্রসর হওয়ার পথ বের করতে হবে। এগুলো মৌলিক বিষয়। নিজেদের উত্তরণের জন্যই এ কাজগুলো আমাদের করে যেতে হবে। সভায় অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ, শিল্প উপদেষ্টা আদিলুর রহমান খান, পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, নৌ পরিবহন উপদেষ্টা এম সাখাওয়াত হোসেন, স্বাস্থ্য উপদেষ্টা নূরজাহান বেগম, মন্ত্রিপরিষদ সচিব শেখ আব্দুর রশিদ, প্রধান উপদেষ্টার মুখ্যসচিব এম সিরাজ উদ্দিন মিয়া, এনবিআর চেয়ারম্যান মো. আব্দুর রহমান খান, বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুরসহ বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবরা উপস্থিত ছিলেন।

আবুল কাসেম অনুরাগী

# নিয়ন্ত্রণের বন্ধনে ভালোবাসা নয়, নিপীড়নই স্পষ্ট



একজন তরুণীর আত্মরক্ষার আকুতি সম্প্রতি আমাদের সমাজের গভীর একটি অসঙ্গতির মুখোমুখি দাঁড় করিয়েছে। ২৪ জুলাই ২০২৫, ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে এক তরুণী মেহরীন আহমেদ জানান যে তিনি তাঁর বাবা-মায়ের সঙ্গে আপস করেছেন এবং মামলা চালাতে চান না। আদালত সেই মামলা খারিজ করে দেয়। শুনতে সাধারণ একটি পারিবারিক বোঝাপড়ার মতো মনে হলেও, এটি ছিল এক সাহসী কণ্ঠস্বরের আত্মপক্ষ সমর্থনের লড়াই। এটি ছিল শাসন, কর্তৃত্ব ও নিপীড়নের বিরুদ্ধে একটি নীরব সমাজে উচ্চারিত ব্যতিক্রমী প্রতিবাদ। মেহরীন অভিযোগ করেছিলেন, তাঁর বাবা-মা দীর্ঘদিন ধরে তাঁর ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালিয়েছেন। তাঁকে খাবার, ঘুম, চলাফেরা, এমনকি মানসিক হাসপাতালে ভর্তি পর্যন্ত জোরপূর্বক বাধ্য করা হয়েছে, যেখানে তিনি আরও হেনস্তার শিকার হয়েছেন। আদালতে তিনি বলেন, "আমি খেতে পারি না, ঘুমাতে পারি না... আমি তাদের পাপেট নই।" তাঁর এই কথাগুলো যেন সমাজে বন্দি হাজারো তরুণ-তরুণীর গুমরে ওঠা কান্নার প্রতিধ্বনি। বাংলাদেশের পারিবারিক কাঠামো এখনো প্রবলভাবে অভিভাবক তান্ত্রিক। বাবা-মা ভালোবাসেন নিঃসন্দেহে, কিন্তু সেই ভালোবাসা যখন সীমাহীন নিয়ন্ত্রণের রূপ নেয়, তখন তা হয়ে ওঠে নিপীড়ন। বিশেষ করে মেয়েদের ক্ষেত্রে এই নিয়ন্ত্রণ আরও জোরালো ও সীমাহীন। তারা কী পোশাক পরবে, কোথায় যাবে, কাকে বন্ধু বানাবেড়এসব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেন বাবা-মা, কখনো কখনো শারীরিক শক্তি প্রয়োগ করেও। স্বাধীন মত প্রকাশ অনেক সময় দেখা হয় 'অবাধ্যতা' হিসেবে, যা দমন করতে 'শাসন' নামে চালু রাখা হয় হিংস্র আচরণ। এই প্রেক্ষাপটে প্রশ্ন ওঠে: মেহরীনের আপস কি সত্যিকার সমঝোতা, নাকি সমাজের চাপ, আত্মীয়-পরিজনের বিচ্ছিন্নতা, আর্থিক নির্ভরতা বা একাকীত্বের ভয়ে এক ধরনের আত্মসমর্পণ? আপস হলেও যন্ত্রণা কিংবা নিপীড়নের গোড়া নিশ্চিহ্ন হয়নি। বরং এই ঘটনা আরও স্পষ্টভাবে তুলে ধরেছেড়যদি পরিবারই নিরাপদ আশ্রয় না হয়, তাহলে একজন তরুণী কোথায় গিয়ে আশ্রয় খুঁজবে? বাংলাদেশে পারিবারিক সহিংসতা প্রতিরোধে আইন রয়েছে 'পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০', যা শারীরিক, মানসিক, যৌন ও আর্থিক নিপীড়ন রোধে কার্যকর হতে পারে। দণ্ডবিধির বিভিন্ন ধারায় এমন অপরাধের শাস্তির বিধানও আছে। কিন্তু প্রয়োগ? তা প্রায় অনুপস্থিত। অধিকাংশ সময় পারিবারিক সম্মানের নামে, 'অভিভাবক-বিরোধিতা'র ভয় দেখিয়ে ভুক্তভোগীকে চুপ করিয়ে দেওয়া হয়। অভিযোগ করলেই বলা হয়, "বড়দের বিরুদ্ধে মুখ খুলো না।" মেহরীনের ঘটনা মিডিয়ার আলোয় আসায় বিষয়টি নিয়ে জনসচেতনতা কিছুটা তৈরি হয়েছে। তবে মিডিয়া কাভারেজেও দেখা গেছে চিরাচরিত ব্যত্যয়ড়সংবেদনশীলতা হারিয়ে সংবাদকে রসালো চর্চার বস্তুতে পরিণত করার প্রবণতা। ব্যক্তিগত কষ্টকে উপভোগ্য উপস্থাপনায় রূপ দেওয়ার এমন আচরণ নৈতিকতাকেই প্রশ্নবিদ্ধ করে। আমাদের মনে রাখতে হবে মেহরীন কেবল একজন ব্যক্তি নন; তিনি একটি প্রতীক। যে প্রতীক আমাদের অভিভাবকতান্ত্রিক সমাজে স্বাধীন সত্তার লড়াইয়ের প্রতিচ্ছবি। তাঁর প্রতিবাদ যেন চাপা না পড়ে আত্মীয়স্বজনের উপদেশে, ভয় বা সামাজিক বিচ্ছিন্নতার আশঙ্কায়। আজকের সমাজে পারিবারিক কাঠামোর পুনর্মূল্যায়ন প্রয়োজন। পরিবার হোক বোঝাপড়ার স্থান, শাসনের নয়। সন্তানদের মতামত, স্বাধীনতা, মানসিক স্বাস্থ্য ও মানবিক মর্যাদাকে যথাযথ গুরুত্ব না দিলে আমরা আরও অনেক মেহরীনকে হারাব কেউ মুখ খুলতে পারবে না, কেউ মুখ খুললেও সমাজের চাপে হারিয়ে যাবে। আইন শুধু কাগজে থাকলে চলবে না, তার প্রয়োগ চাই। প্রয়োজন সামাজিক সচেতনতা এবং পরিবারে পারস্পরিক শ্রদ্ধার সংস্কৃতি গড়ে তোলা। অভিভাবকত্ব যেন ভালোবাসার রূপ হয়, নিয়ন্ত্রণের নয়। (লেখক: শিক্ষাবীদ ও প্রকাশক আমাদের সূর্যোদয়)

# মহান আল্লাহর অফুরন্ত অনুগ্রহের নিদর্শন: মাছ

মাইমুনা আক্তার

মাছ মানবজীবনের এক চিরচেনা খাবার। কিন্তু এই সাধারণ প্রাণীটির ভেতরেই লুকিয়ে আছে মহান স্রষ্টার অসীম কুদরতের বহু নিদর্শন। পবিত্র কোরআন থেকে শুরু করে আধুনিক বিজ্ঞান পর্যন্ত, সবখানেই মাছের উপকারিতা ও গুরুত্ব নিয়ে বিস্ময়কর সত্যের মুখোমুখি হতে হয়। পবিত্র কোরআনে আল্লাহ তায়ালা বলেন, "তোমাদের জন্য হালাল করা হয়েছে সমুদ্রের শিকার ও তার খাদ্য; তোমাদের ও মুসাফিরদের ভোগের জন্য" (সুরা মায়িদা, আয়াত ৯৬)। আরেক আয়াতে ইরশাদ হয়েছে, "তিনিই সমুদ্রকে নিয়োজিত করেছেন, যাতে তোমরা তা থেকে তাজা গোশত খেতে পারো এবং অলংকারাদি আহরণ করতে পারো। আর যাতে তোমরা তাঁর অনুগ্রহ অন্বেষণ করো এবং শুকরিয়া আদায় করো" (সুরা নাহল, আয়াত ১৪)। এই আয়াতগুলোই প্রমাণ করে মাছ শুধু খাদ্য নয়, বরং আল্লাহর এক দান, এক নিখুঁত পরিকল্পনার বহিঃপ্রকাশ। আধুনিক বিজ্ঞান বলছে, মাছ শুধু পুষ্টিকর খাবার নয়, বরং এটি চিকিৎসা, প্রযুক্তি এবং রফতানি আয়ের দিক থেকেও এক মহামূল্যবান সম্পদ। মাছের আঁশকে আগে ফেলনা ভাবা হতো। অথচ এই আঁশে রয়েছে কোলাজেন, যা প্রসাধনী, ওষুধ, খাদ্য এবং ফুড সাপ্লিমেন্ট তৈরিতে ব্যবহৃত হয়। ইউরোপ, চীন, জাপান ও আমেরিকায় কোলাজেনের চাহিদা দ্রুত বাড়ছে। এমনকি চীন ও জাপানে মাছের আঁশ দিয়ে তৈরি হচ্ছে ন্যানো জেনারেটর, যা দিয়ে ব্যাটারি চার্জ করা যায় ও ক্ষুদ্র বিদ্যুৎ উৎপাদনে ব্যবহৃত হয়। মাছের তেলে থাকে ওমেগা-থ্রি ফ্যাটি অ্যাসিড, যা মস্তিষ্কের উন্নয়ন, স্মৃতিশক্তি ও হৃদপিণ্ডের জন্য দারুণ উপকারী। মাছের কলিজা থেকে পাওয়া যায় ভিটামিন এ ও ডি, এবং ওমেগা-থ্রি, যা রোগ প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখে। নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাদিসে বলেন, "জান্নাতে প্রথম আপ্যায়ন হবে মাছের কলিজা দিয়ে" (মুসলিম, হাদিস : ৬০৩)। সম্প্রতি ব্রাজিলের চিকিৎসকরা তেলাপিয়া মাছের চামড়া ব্যবহার করে অগ্নিদগ্ধ রোগীদের চিকিৎসা করছেন। এটি ব্যান্ডেজ হিসেবে ক্ষতস্থানে ব্যবহারে দ্রুত আরোগ্য হয়। আন্তর্জাতিক মেডিকেল জার্নালে এ বিষয়ে একাধিক গবেষণা প্রকাশ পেয়েছে। রফতানি আয়েও দ্যুতি ছড়াচ্ছে মাছ। বাংলাদেশে মাছের আঁশ রপ্তানি করে বছরে শত কোটি টাকা আয় হচ্ছে। অথচ এই উপাদান একসময় ছিল পরিত্যক্ত। এর ব্যবহার বাড়লে রফতানিতে বৈপ্লবিক সাফল্য অর্জন সম্ভব। মাছের এই বহুমুখী উপকারিতা আমাদের স্মরণ করিয়ে দেয়, আল্লাহর প্রতিটি সৃষ্টি নিরর্থক নয়। প্রতিটি উপাদানে রয়েছে রহমত, হিকমত ও আমাদের জন্য বার্তা। কোরআনে বলা হয়েছে, "যারা আল্লাহকে স্মরণ করে দাঁড়িয়ে, বসে ও কাত হয়ে এবং আসমান ও জমিনের সৃষ্টি নিয়ে চিন্তা করে, তারা বলেড় হে আমাদের রব, তুমি এসব অনর্থক সৃষ্টি করোনি। তুমি মহান পবিত্র, আমাদের জাহান্নামের শাস্তি থেকে রক্ষা করো" (সুরা আলে ইমরান, আয়াত : ১৯১) মাছ একটি সাধারণ সৃষ্টির মধ্যেই আল্লাহ রেখেছেন অসাধারণ রহস্য ও উপকারিতা। চিন্তাশীল মানুষদের উচিত, সেসব অনুধাবন করে শুকরিয়া আদায় করা এবং এই নিয়ামতকে কল্যাণের পথে ব্যবহার করা।

## সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের

সভায় জানানো হয়, চলতি অর্থবছরে মেহেরপুর সদর উপজেলার মোট ৯টি আবেদন যাচাইয়ের জন্য জমা পড়েছে। এর মধ্যে ৩টি পরিবারে সড়ক দুর্ঘটনায় নিহত ও ৬ জন আহত ব্যক্তি রয়েছেন। যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা চূড়ান্ত করে তা জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানো হবে। প্রকৃত ক্ষতিগ্রস্তদের সরকার নির্ধারিত সহায়তা হিসেবে নিহত ব্যক্তির পরিবারকে ৫ লাখ টাকা এবং আহতদের ক্ষেত্রে আঘাতের ধরন ও চিকিৎসা খরচ অনুযায়ী ১ লাখ থেকে ৩ লাখ টাকা পর্যন্ত অনুদান প্রদানের বিধান রয়েছে। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম বলেন, "সরকার সব সময় দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে আছে। আমরা চাই প্রকৃত ক্ষতিগ্রস্তরাই যেন এই অনুদান পান। এজন্য যাচাই-বাছাই প্রক্রিয়ায় কোনো ছাড় দেওয়া হবে না।" উল্লেখ্য, বিগত বছরে (২০২৪-২৫ অর্থবছর) মেহেরপুর সদর উপজেলায় সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ৮টি পরিবার সরকারি আর্থিক সহায়তা পেয়েছিল। সেই ধারা অব্যাহত রাখতে এবারও যথাযথ প্রক্রিয়ায় আবেদন যাচাই করা হচ্ছে।

## বাগেরহাটে কমবে, গাজীপুরে বাড়বে

বিশেষজ্ঞদের সুপারিশ, ভোটার তালিকা ও ২০২২ সালের জনশুমারির তথ্য বিশ্লেষণ করে প্রস্তাব তৈরি করেছে কারিগরি কমিটি।" কমিশনার জানান, গাজীপুরে বর্তমানে দেশের সবচেয়ে বেশি ভোটার রয়েছে। জাতীয় গড় ভোটার সংখ্যা প্রায় ৪ লাখ ২০ হাজার ধরে দেখা গেছে, গাজীপুর এই গড়ের অনেক ওপরে। তাই সেখানে একটি অতিরিক্ত আসন বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। অন্যদিকে, বাগেরহাট জেলায় ভোটার সংখ্যা উল্লেখযোগ্য হারে কম হওয়ায় সেখানে একটি আসন কমানোর সুপারিশ এসেছে। আনোয়ারুল ইসলাম বলেন, "কমিটি ৩০০টি আসনের ভিত্তিতে ভোটার সংখ্যা বিশ্লেষণ করে দেখেছে, গাজীপুরে আসন বাড়ালে গড়ের কাছাকাছি থাকবে, আর বাগেরহাটের একটি আসন কমালে গড় ভারসাম্যপূর্ণ হবে।" বর্তমানে গাজীপুরে পাঁচটি এবং বাগেরহাটে চারটি সংসদীয় আসন রয়েছে। প্রস্তাব বাস্তবায়িত হলে গাজীপুরে আসন দাঁড়াবে ৬টি এবং বাগেরহাটে ৩টি। ইসি সূত্র জানায়, চূড়ান্ত সিদ্ধান্তের আগে রাজনৈতিক দল, সুশীল সমাজ ও সংশ্লিষ্ট পক্ষগুলোর মতামত নেওয়া হবে।

## চাঁদাবাজদের তালিকা প্রকাশ করুন

কোটি টাকা যারা চাঁদাবাজি করেছে, তাদের নাম-পরিচয় এখনও গোপন কেন? গত ১১ মাসে কারা কী করেছে, তা জনসমক্ষে আনুন।" বুধবার (৩০ জুলাই) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ জাতীয়তাবাদী নাগরিক পরিষদের আয়োজনে এক আলোচনা সভায় এসব মন্তব্য করেন তিনি। সরকার ক্ষমতায় আসার ১১ মাস পার হলেও এখনো নির্বাচনের তফসিল ঘোষণা না হওয়ায় উদ্বেগ প্রকাশ করে জয়নুল ফারুক বলেন, "দেশের প্রতিটি গ্রামে-গঞ্জে, চায়ের দোকানে, পাড়ায়-মহল্লায় একটাই প্রশ্নড়নির্বাচনের তারিখ ঘোষণা হচ্ছে না কেন?" তিনি বলেন, "প্রাক্তন রাষ্ট্রপতি শাহাবুদ্দিন আহমেদ মাত্র তিন মাসেই এরশাদের ১০ বছরের দমন-পীড়নের অবসান ঘটিয়ে নির্বাচন দিয়েছিলেন। অথচ আজ ১১ মাসেও তফসিল নেই। কেন এই বিলম্ব?"

বর্তমান সময়ে কিছু রাজনৈতিক দল নানা অজুহাত তুলে নির্বাচন এড়িয়ে যেতে চাচ্ছে বলেও অভিযোগ করেন বিএনপির এই নেতা। তিনি বলেন, "কখনো বলা হচ্ছে পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন), আবার কখনো বলা হচ্ছে সংবিধান সংশোধন না হলে নির্বাচন সম্ভব নয়। এসব জনগণের সঙ্গে প্রতারণা।" বিএনপির বিরুদ্ধে নানা অপপ্রচারের জবাব দিতে গিয়ে ফারুক বলেন, "আমরা অন্যায়ের পক্ষে নই। যদি আমাদের কেউ ভুল করে, তারেক রহমান নিজে বহিষ্কারাদেশ দিয়েছেন। কিন্তু এরপরও বিএনপিকে দোষারোপ করা হচ্ছে।" তিনি আরও বলেন, "দেশের ব্যবসা-বাণিজ্য ধ্বংস করেছে আওয়ামী যুবলীগ। আর আমাদের কর্মীরা রিকশা চালিয়েও গণতন্ত্রের আন্দোলনে আস্থা রাখছে।" তিনি মনে করেন, "নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে জনগণের সরকার গঠন হলে বাংলাদেশ আবারও গণতন্ত্রের পথে ফিরবে। তখন এই অন্তর্বর্তী সরকারের নাম ইতিহাসে ইতিবাচকভাবে লেখা থাকবে।" আলোচনা সভায় সভাপতিত্ব করেন নাগরিক পরিষদের সভাপতি ডা. এম ইসলাম বাদল তালুকদার। আরও উপস্থিত ছিলেন বিএনপির প্রশিক্ষণবিষয়ক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন, তাঁতি দলের যুগ্ম আহ্বায়ক কাজী মনিরুজ্জামান মনির, লায়ন সোলায়মান তালুকদার, রফিকুল ইসলাম প্রমুখ।

## পরকীয়া ধরা পড়ায় স্ত্রীকে

হাসপাতালে ভর্তি করা হয়েছে। আঁখির পরিবার জানায়, মেহেরপুর শহরের তাহেরী ক্লিনিকপাড়ার আকরাম হোসেনের ছেলে রফিকুল ইসলামের সঙ্গে সদর উপজেলার বামনপাড়ার আলমগীর হোসেনের মেয়ে আঁখির আট বছর আগে বিয়ে হয়। তাদের সংসারে একটি ছয় বছর বয়সী সন্তান রয়েছে। সম্প্রতি রফিকুলের এক নারীর সঙ্গে পরকীয়ার সম্পর্ক গড়ে ওঠে। বিষয়টি আঁখি আঁচ করতে পেরে স্বামীর মোবাইল ফোন থেকে বিভিন্ন ধরনের প্রমাণ সংগ্রহ করেন। এরপর রফিকুল বিষয়টি টের পেয়ে কৌশলে স্ত্রীকে ফোনে ডেকে রাতের বেলা স্টেডিয়ামপাড়া এলাকায় নিয়ে যান। স্থানীয় সূত্রে জানা যায়, সেখানে পৌঁছেই রফিকুল মোবাইল ফোনটি ছিনিয়ে নেওয়ার চেষ্টা করেন। এতে আঁখি বাধা দিলে তিনি ক্ষিপ্ত হয়ে মারধর শুরু করেন। আঁখির চিৎকারে আশপাশের লোকজন জড়ো হতে থাকলে রফিকুল মোটরসাইকেল নিয়ে পালানোর চেষ্টা করেন। এ সময় আঁখি মোটরসাইকেলের পেছন থেকে স্বামীকে থামাতে চেষ্টা করলে রফিকুল তাকে টেনেহিঁচড়ে বেশ কিছুদূর নিয়ে যান। পরে স্থানীয়রা আহত আঁখিকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন।আঁখির পরিবারের পক্ষ থেকে জানানো হয়েছে, তারা এ ঘটনায় মামলা দায়েরের প্রস্তুতি নিচ্ছেন। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, লিখিত অভিযোগ পেলে তদন্তপূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## কুষ্টিয়ায় জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের

উৎসবমুখর পরিবেশে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মাননা প্রদান করেন কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার মোঃ ফয়সাল মাহমুদ। সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান মোজাম্মেল হক রাসেল। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. গোলাম মাওলা। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন প্রতিষ্ঠানটির প্রিন্সিপাল ক্যাপ্টেন নজরুল ইসলাম, একাডেমিক প্রিন্সিপাল মিস দিলরুবা পারভীন, ভাইস প্রিন্সিপাল রেজাউর রহমান খান ও শিক্ষক মোঃ ফয়জুল রহমান। সংবর্ধনা অনুষ্ঠানে এডুকেয়ারের গর্ব, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোঃ মুস্তাফিজুর রহমান অনিক উপস্থিত থেকে শিক্ষার্থীদের উদ্দেশ্যে নিজের শিক্ষাজীবনের অভিজ্ঞতা শেয়ার করেন এবং বিভিন্ন পরামর্শ দিয়ে তাদের অনুপ্রাণিত করেন। বক্তারা বলেন, "এই শিক্ষার্থীরাই আগামী দিনের দেশের কর্ণধার। তাদের এই কৃতিত্ব আমাদের গর্বিত করেছে। তাদের উৎসাহ দিতে এই ধরনের আয়োজন ভবিষ্যতেও অব্যাহত থাকবে।" পরে অতিথিবৃন্দ কৃতি শিক্ষার্থীদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন।

## আওয়ামী মিডিয়া ডনদের গ্রেপ্তার

অবৈধ এমপি হওয়ার কারণে আসাদুজ্জামান নূর গ্রেপ্তার হলেও গাউসুল আলম শাওন, সাব্বির রহমান তানিম, ফরহাদুল ইসলাম, ফাহাদ করিমসহ বাকিরা ধরাছোঁয়ার বাইরে।' জুলাই গণ-অভ্যুত্থান স্মরণে জাগপার মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে বুধবার (৩০ জুলাই) ঢাকা মহানগর উত্তরের প্রেস ক্লাব, পল্টন, বিজয়নগর এলাকায় গণসংযোগ, লিফলেট বিতরণ ও বিক্ষোভ মিছিল শেষে পথসভায় তিনি এসব কথা বলেন। রাশেদ প্রধান বলেন, 'ফ্যাসিজমের মিডিয়া ডনরা অতীতে আওয়ামী স্ট্রাটেজি বা কৌশল প্রণয়ন করেছে। হাসিনাপুত্র জয় এবং রেহানাপুত্র ববির আওয়ামী গবেষণা প্রতিষ্ঠান সিআরআইয়ের নির্দেশনায় আওয়ামী ডিজাইন করেছে। ফ্যাসিস্ট শেখ হাসিনার পতনের পর আওয়ামী গুজব ছড়ানোর কৌশল এবং সোশ্যাল মিডিয়ার ডিজাইন করছে কারা?' তিনি বলেন, 'আওয়ামী ফ্যাসিজমের মিডিয়া ডনদের সুরক্ষা দিচ্ছে কারা? কেন আমাদের আওয়ামী সন্ত্রাসীদের নাশকতার আশঙ্কায় ১১ দিনের রেড অ্যালার্ট জারি করতে হচ্ছে? দ্রুততম সময়ের মধ্যে আওয়ামী সন্ত্রাসী এবং আওয়ামী কৌশল প্রণয়নের মিডিয়া ডনদের আইনের আওতায় এনে দেশের শান্তি ফিরিয়ে আনতে হবে।' পথসভায় আরও বক্তব্য রাখেন জাগপা সাধারণ সম্পাদক অধ্যাপক ইকবাল হোসেন, প্রেসিডিয়াম সদস্য আসাদুর রহমান খান, সৈয়দ শফিকুল ইসলাম, জাগপা যুগ্ম সাধারণ সম্পাদক আরিফ হোসেন ফিরোজ, রওশন আলম আকন্দ, যুব জাগপা সভাপতি নজরুল ইসলাম বাবলু, সাংগঠনিক সম্পাদক ওলিউল আনোয়ার, শ্রমিক জাগপা সভাপতি আসাদুজ্জামান বাবুল, সাধারণ সম্পাদক মনোয়ার হোসেন প্রমুখ।

## মেহেরপুর পৌর এলাকায় ওএমএস'র

সদর উপজেলা খাদ্য কর্মকর্তা এরশাদ আলী, খাদ্য পরিদর্শক দেবদূত রায়সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংশ্লিষ্টরা জানান, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিত করতেই এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। পৌরবাসীর মধ্যে ইতিমধ্যেই কার্যক্রমটি ব্যাপক সাড়া ফেলেছে।

## উইম্বলডনে নতুন রাজা ইয়ানিক

শেষে জয়ী স্কোরলাইন: ৪-৬, ৬-৪, ৬-৪, ৬-৪। এই জয়ে ক্যারিয়ারের চতুর্থ গ্র্যান্ড স্লাম শিরোপা জিতলেন সিনার। তবে উইম্বলডনের মঞ্চে এটি তার প্রথম সাফল্য। অপরদিকে টানা তৃতীয় উইম্বলডন জয়ের স্বপ্নভঙ্গ হলো স্পেনের দ্বিতীয় বাছাই আলকারাজের। মাত্র মাস দুয়েক আগেই ফ্রেঞ্চ ওপেনের সেমিফাইনালে এই আলকারাজের কাছেই হেরেছিলেন সিনার। সেই হারের প্রতিশোধটাই যেন পরিপূর্ণভাবে নিয়ে নিলেন এবারের ফাইনালে। একইসঙ্গে থামিয়ে দিলেন উইম্বলডনে আলকারাজের টানা ২০ ম্যাচের জয়রথ। ম্যাচ শেষে আবেগঘন প্রতিক্রিয়ায় আলকারাজকে ধন্যবাদ জানান সিনার। বলেন, "খেলোয়াড় হিসেবে তুমি যেভাবে নিজেকে মেলে ধরো, সেটা অসাধারণ। তোমার সঙ্গে খেলা সবসময়ই চ্যালেঞ্জিং। তবে কোর্টের বাইরেও আমাদের যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সেটি আমার কাছে অনেক বড় বিষয়। আমি নিশ্চিত, ভবিষ্যতে তুমি আরও বহুবার এই ট্রফি জিতবে।" উল্লেখ্য, গত সাতটি গ্র্যান্ড স্লামের মধ্যে এই দুই তরুণ সিনার ও আলকারাজই ভাগাভাগি করে নিয়েছেন ট্রফিগুলো। টেনিসবিশ্বে তাদের দ্বৈরথ এখন নতুন যুগের কেন্দ্রবিন্দু হয়ে উঠেছে। উইম্বলডনের ২০২৫ আসর তাই শুধু একটি ট্রফি জয় নয়, বরং সিনারের জন্য নিজেকে প্রতিষ্ঠিত করার অন্যতম বড় মুহূর্ত হয়ে থাকল। আর টেনিস দুনিয়া পেল নতুন এক ঘাসের রাজাকে।

## মেহেরপুরে মাদক মামলায় এক

মামলার বিবরণ অনুযায়ী, মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার এসআই সুলতান মাহমুদের নেতৃত্বে একটি দল করমদী এলাকায় অভিযান পরিচালনা করে। গোপন সংবাদের ভিত্তিতে তারা গরীবপুর মোড়ে পৌঁছে করমদী গ্রামের জাহাঙ্গীর আলমের ডুবা পুকুর সংলগ্ন সড়ক থেকে মিলন হোসেনকে আটক করে। তার পরিহিত ট্রাউজারের পকেট থেকে একটি সিগারেটের প্যাকেটে রাখা স্বচ্ছ পলিথিনে মোড়ানো হেরোইন উদ্ধার করা হয়। আসামি মিলন হোসেন একজন অভ্যাসগত অপরাধী হিসেবে পরিচিত। তার বিরুদ্ধে আরও তিনটি মাদকদ্রব্য সংক্রান্ত মামলা মেহেরপুর সদর ও গাংনী থানায় বিচারাধীন রয়েছে। এসব মামলা যথাক্রমে ২০২১ সালের ১ আগস্ট, ১৭ জুন ও ৫ ফেব্রুয়ারি দায়ের হয় এবং প্রতিটিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের বিভিন্ন ধারা প্রয়োগ করা হয়েছে।

## ৩১ জুলাই : 'মার্চ ফর জাস্টিস'

হত্যা, গ্রেপ্তার শিক্ষার্থীদের মুক্তিসহ ৯ দফা দাবিতে 'মার্চ ফর জাস্টিস' কর্মসূচির ঘোষণা দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক আব্দুল কাদের।

মঙ্গলবার রাতে টেলিগ্রাম অ্যাপে এ কর্মসূচির ঘোষণা দেন তিনি।

মার্চ ফর জাস্টিস কর্মসূচির অংশ হিসেবে বুধবার দুপুর ১২টা থেকে হাইকোর্টের মাজার গেট এলাকায় জড়ো হন শিক্ষার্থী ও শিক্ষকরা। দুপুর সাড়ে ১২টার দিকে সেখান থেকে কয়েকজনকে আটক করে পুলিশ। পরে প্রায় তিন ঘণ্টা ধরে শিক্ষার্থীরা সেখানে অবস্থান নিয়ে বিভিন্ন স্লোগান দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাদা দলের আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমানসহ কয়েকজন শিক্ষক সেখানে উপস্থিত ছিলেন। হাইকোর্টের ভেতরে আইনজীবীদের একটি দলও মিছিল করেন।

আন্দোলনকারী শিক্ষার্থীদের আরেকটি অংশ বেলা একটার দিকে মিছিল নিয়ে হাইকোর্টের দিকে যেতে চাইলে পুলিশের বাধার মুখে পড়ে। একপর্যায়ে তারা দোয়েল চত্বরে অবস্থান নেন। কিছুক্ষণ পর সেখান থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে সমাবেশ করেন। বেলা তিনটার দিকে সেখান থেকে তারা চলে যান।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে মার্চ ফর জাস্টিস কর্মসূচিতে শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষকরাও অংশ নেন। বুধবার বেলা একটার দিকে কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল ও গণস্বাক্ষর সংগ্রহের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের নতুন কলাভবনসংলগ্ন মহুয়া মঞ্চের সামনে জড়ো হন আন্দোলনরত শিক্ষার্থীরা।

পরে তারা সেখান থেকে বিক্ষোভ মিছিল বের করেন।

এইদিন সিলেটে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মার্চ ফর জাস্টিস কর্মসূচিতে বাধা দেয় পুলিশ। শিক্ষার্থীরা বাধা পেরিয়ে যাওয়ার সময় পুলিশ সাউন্ড গ্রেনেড ও কাঁদানে গ্যাস ছুড়ে তাদের ছত্রভঙ্গ করে। এতে শিক্ষার্থীসহ অন্তত ২০ জন আহত হন।

এদিকে বৃহস্পতিবার নতুন কর্মসূচি 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' ঘোষণা করে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

বুধবার আন্দোলনের সহ-সমন্বয়ক রিফাত রশিদের পাঠানো বিবৃতিতে বলা হয়, এ কর্মসূচি অনুযায়ী বৃহস্পতিবার শিক্ষার্থী নির্যাতনের ভয়ংকর দিন-রাতের স্মৃতিচারণ করা হবে। শহীদ ও আহতদের নিয়ে পরিবার ও সহপাঠীরা স্মৃতিচারণ করবেন। শিক্ষার্থীদের নির্যাতনের বিভিন্ন ঘটনা নিয়ে চিত্রাঙ্কন, গ্রাফিতি, দেওয়াল লিখন, ফেস্টুন, ডিজিটাল পোর্ট্রেট প্রভৃতি তৈরি করা হবে।

এদিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন প্রশ্নে পাল্টাপাল্টি সংবাদ সম্মেলন করে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির দু'পক্ষ। দুপুরে সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি ভবনে প্রথমে সংগঠনটির সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন সংবাদ সম্মেলন করেন। পরে সমিতির সম্পাদক শাহ মঞ্জুরুল হক পাল্টা সংবাদ সম্মেলন করেন।

বাংলাদেশের সঙ্গে নতুন অংশীদারিত্ব ও সহযোগিতা চুক্তি নিয়ে আলোচনা স্থগিত করে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। সেপ্টেম্বর মাসে প্রথম দফার এ আলোচনা শুরু হওয়ার কথা ছিল। তবে বাংলাদেশের চলমান পরিস্থিতির আলোকে আলোচনা স্থগিত করা হয়েছে বলে বুধবার ইইউর এক মুখপাত্র জানান।

ছাত্রদের কোটা আন্দোলন ও দেশের পরিস্থিতি সহিংস হওয়ার মধ্যেই অনেক মন্ত্রী-এমপি দেশ ছাড়েন।

দেশের পরিস্থিতি নাজুক দেখে বিদেশ থেকে ফ্লাইটের টিকিট কেটে ঢাকা ছাড়েন অনেক প্রভাবশালী। তারা যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডা, সিঙ্গাপুর, অস্ট্রেলিয়া, ভারত, থাইল্যান্ড, চীন ও দুবাই পাড়ি জমান।

১৪ দিন পর বাংলাদেশে সচল হয় ফেসবুক, টিকটক, হোয়াটসঅ্যাপসহ সামাজিক যোগাযোগমাধ্যম। বুধবার দুপুর ৩ টার পর পরই এগুলোর ব্যবহার শুরু হয়।

বাংলাদেশে শিক্ষার্থীদের কোটা সংস্কারের দাবিকে কেন্দ্র করে 'আন্দোলনকারীদের ওপর আইনশৃঙ্খলা বাহিনীর অতিরিক্ত বল প্রয়োগ, নির্বিচারে গ্রেপ্তার এবং নির্যাতনের' মতো বিষয়গুলোতে গভীরভাবে উদ্বিগ্ন জাতিসংঘ মানবাধিকার কমিশন। তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লেখা এক চিঠিতে ভবিষ্যৎ নির্যাতন বন্ধে দীর্ঘ মেয়াদে নিরাপত্তা খাতের সংস্কার জরুরি বলে জানায় জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ফলকার তুর্ক।

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) হেফাজতে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ছয় সমন্বয়ককে অবিলম্বে তাদের পরিবারের কাছে ফিরিয়ে দেওয়ার দাবি জানায় নব্বইয়ের ডাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্যের নেতারা।

কোটা সংস্কার আন্দোলন দমাতে আইনশৃঙ্খলা বাহিনীর বলপ্রয়োগের নিন্দা জানিয়ে বিবৃতি দেয় যুক্তরাষ্ট্রের দুই সিনেটর। স্থানীয় সময় মঙ্গলবার ওয়াশিংটন থেকে জারি করা বিবৃতিতে মার্কিন সিনেটর বেন কার্ডিন ও কোরি বুকার বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতির নিন্দা জানান।

৩১ জুলাই বাংলাদেশে নিযুক্ত ভারতের হাইকমিশনার প্রণয় ভার্মা গণভবনে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেন।